Bangla/বাংলা


Australian Government

ভোট দেয়া বাধ্যতামূলক

আপনার অফিসিয়াল

# গণভোট পুস্তিকা

এই পুস্তিকাতে রয়েছে:





পৃষ্ঠা 5




পৃষ্ঠা 23

# এই পুস্তিকা সম্পর্কে

এই অফিসিয়াল গণভোট পুস্তিকাতে দুটি গুরুত্বপূর্ণ নথি রয়েছে:
Yes/No গণভোটের জন্য আপনার অফিসিয়াল প্রচারপত্র, এবং
২০২৩ সালের গণভোটের জন্য আপনার অফিসিয়াল নির্দেশিকা




পৃষ্ঠা 5

## Yes/No গণভোটের জন্য আপনার অফিসিয়াল প্রচারপত্র

পৃষ্ঠা 6

### সংবিধানে কী পরিবর্তন ঘটতে পারে

সংবিধানে প্রস্তাবিত পরিবর্তনগুলো এই পৃষ্ঠাতে লিপিবদ্ধ করা হয়েছে

প্রস্তাবিত আইনটি সংসদের উভয় কক্ষ দ্বারা পাস হয়েছে: Constitution Alteration (Aboriginal and Torres Strait Islander Voice) 2023 (সংবিধান পরিবর্তন (অ্যাবরিজিনাল অ্যান্ড টরেস স্ট্রেট আইল্যান্ডার ভয়েস) ২০২৩।

পৃষ্ঠা 7

### Yes এবং No কেসসমূহ

Yes ভোট এবং No ভোটের জন্য কেস দুটো পাশাপাশি দেখানো হয়েছে।

Yes/No কেসগুলো সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যরা পেশ করেছিলেন, যাঁরা প্রস্তাবিত আইনের পক্ষে বা বিপক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন।

**Yes বা No কেস সংশোধন বা এর সত্যতা যাচাই করার ক্ষেত্রে AEC-এর আইনি ক্ষমতা নেই।**




পৃষ্ঠা 23

## ২০২৩ সালের গণভোটের জন্য আপনার অফিসিয়াল নির্দেশিকা

অফিসিয়াল গাইডটিতে ভোটদান এবং ভোটকেন্দ্রের স্থান সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য এবং নির্বাচন কমিশনারের একটি বার্তা রয়েছে।

অস্ট্রেলিয়ান ইলেকটোরাল কমিশন (AEC) এই অফিসিয়াল নির্দেশিকাটি তৈরি করেছে।



# অনুদিত ভার্সন এবং সহজপাঠ্য ফরম্যাট

**আপনার অফিসিয়াল গণভোট পুস্তিকাটি ইংরেজি এবং অন্যান্য ভাষায়, ফার্স্ট নেশনস ভাষাসমূহে (শুধুমাত্র অডিও), এবং অন্ধ বা স্বল্প দৃষ্টিশক্তি সম্পন্ন ভোটারদের জন্য ইংরেজি ভাষার ফরম্যাটে, এবং সহজ পাঠ্য (শুধুমাত্র অফিসিয়াল গাইড) রূপে পাওয়া যাবে।**

**ভোটদান এবং গণভোট সম্পর্কে আরও তথ্য পেতে, আপনার ভাষায় সহায়তার জন্য অনুগ্রহ করে 1300 720 153 নম্বরে কল করুন।**

এই পৃষ্ঠাটি ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে



Australian Government

ভোট দেয়া বাধ্যতামূলক

# YES | NO

# **গণভোটের** জন্য আপনার অফিসিয়াল **প্রচারপত্র**

# সংবিধানে যে পরিবর্তন হতে পারে

## সংবিধানে যেসব পরিবর্তনের প্রস্তাব করা হয়েছে তার বিবরণ

Constitution Alteration (Aboriginal and Torres Strait Islander Voice) 2023 (কন্সটিটিউশন অলটারেশন (অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার ভয়েস) ২০২৩) নামে প্রস্তাবিত আইনটি অষ্টম অধ্যায়ের পর নিম্নোক্ত কথাগুলো যুক্ত করার মাধ্যমে সংবিধানকে পরিবর্তিত করবে:

### Chapter IX—Recognition of Aboriginal and Torres Strait Islander Peoples (নবম অধ্যায় – অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের স্বীকৃতি)

### 129 Aboriginal and Torres Strait Islander Voice (অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার ভয়েস)

অস্ট্রেলিয়ার ফার্স্ট পিপল হিসেবে অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের স্বীকৃতি স্বরূপ:

(i) একটি প্রতিষ্ঠান থাকবে, যার নাম হবে অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার ভয়েস;

(ii) অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার ভয়েস, সংসদে এবং কমনওয়েলথ-এর নির্বাহী সরকারে অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের সাথে সম্পর্কযুক্ত বিষয়ে প্রতিনিধিত্ব করতে পারে;

(iii) এই সংবিধানের সাপেক্ষে, আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার ভয়েস সম্পর্কিত ব্যাপারে এই সংসদের আইন প্রণয়ন করার ক্ষমতা থাকবে, এবং সে আইনে এর গঠন, কার্যাবলী, ক্ষমতা এবং পদ্ধতি সম্পর্কেও নির্দেশনা থাকবে।

প্রস্তাবিত আইনটি সংবিধানের সূচিপত্রে 'Chapter VIII Alteration of the Constitution' ('সংবিধানের অষ্টম অধ্যায় পরিবর্তন') এর রেফারেন্সের পরে, নিম্নলিখিত কথাগুলো যুক্ত করেও সংবিধানকে পরিবর্তন করবে:

| | |
|---|---|
| Chapter IX<br>(নবম অধ্যায় | Recognition of Aboriginal and Torres Strait Islander Peoples<br>অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের স্বীকৃতি) |



# পরের পৃষ্ঠাগুলোতে আপনি **Yes** এবং **No** কেসগুলো দেখতে পাবেন

সংসদের সংখ্যাগরিষ্ঠ ফেডারেল সদস্য এবং সিনেটরগণ প্রতিটি কেসের যুক্তিগুলো পেশ করেছেন, যাঁরা সংবিধান পরিবর্তন করার প্রস্তাবিত আইনের পক্ষে বা বিপক্ষে ভোট দিয়েছেন, এবং এমন একটি যুক্তি দাখিল করতে চেয়েছিলেন।

যাঁরা প্রস্তাবিত আইনের পক্ষে ভোট দিয়েছেন, এবং এমন একটি যুক্তি দাখিল করতে চেয়েছিলেন, তারা Yes কেস তৈরি করেছেন, আর যাঁরা প্রস্তাবিত আইনের বিপক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি যুক্তি দাখিল করতে চেয়েছিলেন, তারা No কেস তৈরি করেছেন।

*গণভোট (মেশিনারি প্রভিশন্স) আইন ১৯৮৪* (Cth) এর ১১(১) ধারা অনুযায়ী প্রতিটি কেস ইংরেজি ২০০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ।

# ভোট দেয়ার কেস

# Yes

**Yes** ভোট দেয়ার কেস
**পৃষ্ঠা 10** থেকে শুরু হয়েছে এবং এরপর
পর্যায়ক্রমে পরবর্তী পৃষ্ঠাগুলোতে উপস্থাপন করা হয়েছে।

## একটি প্রস্তাবিত আইন:

অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডারদের একটি ভয়েস প্রতিষ্ঠার মাধ্যমে অস্ট্রেলিয়ার ফার্স্ট পিপলদের (আদি বাসিন্দা) স্বীকৃতি দেওয়ার জন্য সংবিধান পরিবর্তন করা।

## A proposed law:

To alter the Constitution to recognise the First Peoples of Australia by establishing an Aboriginal and Torres Strait Islander Voice.

**কারা এটি লিখেছিলেন?**

**এই যুক্তির বিষয়বস্তু (যা aec.gov.au/referendums/pamphlet.htm ওয়েবসাইটে দেখা যেতে পারে) সংসদের অধিকাংশ সদস্য দ্বারা অনুমোদিত হয়েছিল, যাঁরা প্রস্তাবিত আইনের পক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন। নির্বাচন কমিশনার কর্তৃক সংশোধন ছাড়াই এই লেখা প্রকাশ করা হয়েছে।**



# ভোট দেয়ার কেস

# No

**No** ভোট দেয়ার কেস
**পৃষ্ঠা 11** থেকে শুরু হয়েছে এবং এরপর
পর্যায়ক্রমে পরবর্তী পৃষ্ঠাগুলোতে উপস্থাপন করা হয়েছে।

## একটি প্রস্তাবিত আইন:

অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডারদের একটি ভয়েস প্রতিষ্ঠার মাধ্যমে অস্ট্রেলিয়ার ফার্স্ট পিপলদের (আদি বাসিন্দা) স্বীকৃতি দেওয়ার জন্য সংবিধান পরিবর্তন করা।

## A proposed law:

To alter the Constitution to recognise the First Peoples of Australia by establishing an Aboriginal and Torres Strait Islander Voice.

**কারা এটি লিখেছিলেন?**

**এই যুক্তির বিষয়বস্তু (যা aec.gov.au/referendums/pamphlet.htm ওয়েবসাইটে দেখা যেতে পারে) সংসদের অধিকাংশ সদস্য দ্বারা অনুমোদিত হয়েছিল, যাঁরা প্রস্তাবিত আইনের বিপক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন। নির্বাচন কমিশনার কর্তৃক সংশোধন ছাড়াই এই লেখা প্রকাশ করা হয়েছে।**

## অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার এবং সমস্ত অস্ট্রেলিয়ানদের একটি উন্নত ভবিষ্যতের জন্য Yes ভোট দিন।

## ঐক্য, প্রত্যাশা এবং একটি ইতিবাচক পরিবর্তনের জন্য Yes ভোট দিন।

## YES ভোট দেয়ার বিষয়টি হল:

**স্বীকৃতি**

- আমাদের সংবিধানে অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণকে **স্বীকৃতি প্রদান** এবং ৬৫,০০০ বছরের সংস্কৃতি ও ঐতিহ্যের প্রতি শ্রদ্ধা প্রদর্শন।

**শোনা**

- অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের জীবন যে সকল বিষয় প্রভাবিত করে, সেগুলো সম্পর্কে তাদের কাছ থেকে পরামর্শ **শোনা**, যাতে করে সরকার আরও ভাল সিদ্ধান্ত নিতে পারে।

**আরও ভাল ফলাফল**

- অ্যাবরিজিনালদের স্বাস্থ্য, শিক্ষা, কর্মসংস্থান এবং আবাসনের ক্ষেত্রে **বাস্তব অগ্রগতিসাধন করা**, যাতে জনগণের জীবনের মান উন্নত হয়।

## এটি এমন একটি পরিবর্তন যা কেবল আপনিই ঘটাতে পারেন

Yes ভোট দিন এমন একটি ধারণাকে, যা সরাসরি অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের কাছ থেকে আসে: **Constitutional Recognition through a Voice (ভয়েসের মাধ্যমে সাংবিধানিক স্বীকৃতি)।**

### ভয়েস কী:

ভয়েস (Voice) হবে অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের একটি কমিটি, যারা সেইসকল বিষয় সম্পর্কে সংসদ এবং সরকারকে পরামর্শ দেবে, যা তাদের কমিউনিটিকে প্রভাবিত করে।

প্রতিটি রাজ্য এবং টেরিটোরির আদিবাসী অস্ট্রেলিয়ান, টরেস স্ট্রেইট আইল্যান্ড এবং আঞ্চলিক ও প্রত্যন্ত এলাকার কমিউনিটিগুলো থেকে প্রতিনিধিরা এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবেন।

ভয়েসের সদস্যরা তাদের স্থানীয় এলাকার অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের দ্বারা নির্বাচিত হবেন এবং একটি নির্দিষ্ট সময়ের জন্য কার্যক্রম পরিচালনা করবেন।

## আমাদের কেন এটি প্রয়োজন:

অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের সামনে কিছু বড় চ্যালেঞ্জ রয়েছে:

- আদিবাসী নয়, এমন অস্ট্রেলিয়ানদের তুলনায় ৮ বছর কম আয়ু।
- রোগ এবং শিশুমৃত্যুর হার খুবই খারাপ।
- আত্মহত্যার হার দ্বিগুণের মত বেশি।
- শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ কম।

স্পষ্টতই, বর্তমান পন্থা কাজ করছে না।

এই ব্যবধান মুছে ফেলতে, সমাধান খুঁজে বের করতে এবং ভবিষ্যতের জন্য পরিকল্পনা করতে কোন কোন সমস্যাগুলো অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের জীবন ও সম্প্রদায়কে প্রভাবিত করছে সেগুলো সম্পর্কে তাদের কাছ থেকে আমাদেরকে পরামর্শ নিতে হবে।

## ভয়েস কীভাবে কাজ করবে:

**ভয়েস এর লক্ষ্য হল পরামর্শ।**

যেসকল বিষয় মানুষকে প্রভাবিত করে, সেগুলো সম্পর্কে যখন সরকার তাদের কথা শুনে, তখন সরকার:

- আরও ভাল সিদ্ধান্ত নেয়।
- আরও ভাল ফলাফল লাভ করে।
- ব্যয়িত অর্থের বিনিময়ে আরও ভাল উপযোগিতা নিশ্চিত করে।

Yes কেস চলমান পৃষ্ঠা 12

**কারা এটি লিখেছিলেন?**

**এই যুক্তির বিষয়বস্তু (যা aec.gov.au/referendums/pamphlet.htm ওয়েবসাইটে দেখা যেতে পারে) সংসদের অধিকাংশ সদস্য দ্বারা অনুমোদিত হয়েছিল, যাঁরা প্রস্তাবিত আইনের পক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন। নির্বাচন কমিশনার কর্তৃক সংশোধন ছাড়াই এই লেখা প্রকাশ করা হয়েছে।**





## NO ভোট দেয়ার কারণগুলো – একটি সারসংক্ষেপ

এই গণভোট শুধুমাত্র “স্বীকৃতি” দেয়ার ব্যাপার নয়। এই ভয়েস (Voice) প্রস্তাবের উদ্দেশ্য আরও অনেক বেশি।

যদি এটি পাস হয়, তাহলে এটি আমাদের ইতিহাসে আমাদের সংবিধানের সবচেয়ে বড় পরিবর্তন হিসেবে চিহ্নিত হবে।

এটি আইনগতভাবে ঝুঁকিপূর্ণ, যার পরিণতি আমাদের অজানা। এটা হবে সংঘাতপূর্ণ এবং স্থায়ী।

**আপনি যদি না জানেন, তাহলে no ভোট দিন।**

### ঝুঁকিপূর্ণ

আমরা সবাই সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের আদিবাসী অস্ট্রেলিয়ানদের সাহায্য করতে চাই। তবে এই ভয়েস এর সমাধান নয়, এবং আমাদের সরকার ব্যবস্থার জন্য এটি একটি বাস্তব ঝুঁকির সৃষ্টি করে।

এই ভয়েস বিশেষভাবে “নির্বাহী সরকারের” সমস্ত ক্ষেত্রকে এর আওতায় আনে। এর মানে কোন সমস্যাই তার নাগালের বাইরে নয়।

হাইকোর্ট শেষ পর্যন্ত তার ক্ষমতা নির্ধারণ করবে, সংসদ নয়।

এটি আইনি চ্যালেঞ্জ, বিলম্ব এবং অকার্যকর সরকারের ঝুঁকি তৈরি করবে।

### অজানা

ভয়েসের সদস্যদের কীভাবে বাছাই করা হবে কিংবা এটি কীভাবে কাজ করবে সে সম্পর্কে কোনও বিশদ বিবরণ দেওয়া হয়নি। এই বিবরণগুলি চূড়ান্ত করার আগেই প্রথমে অস্ট্রেলিয়ানদের ভোট দিতে বলা হচ্ছে।

**ভোট দেয়ার আগেই অস্ট্রেলিয়ানদের বিস্তারিত জানা উচিত, ভোটের পরে নয়।**

আমরা জানি না এটি কীভাবে কাজ করবে, আমরা জানি না কে এতে থাকবে, তবে আমরা জানি এটি অস্ট্রেলিয়ান হিসাবে আমাদের স্থায়ীভাবে বিভক্ত করবে।

কিছু ভয়েস সমর্থক বলেছেন যে এটি হবে সংস্কার, ক্ষতিপূরণ এবং অন্যান্য আমূল পরিবর্তনের প্রথম পদক্ষেপ। তাহলে, পরবর্তীতে কী আসবে?

### বিভক্তিমূলক

অস্ট্রেলিয়ানদের শুধুমাত্র একটি সম্প্রদায়ের জন্য সংবিধানে একটি ভয়েস অন্তর্ভুক্ত করার অর্থ আমাদের দেশকে স্থায়ীভাবে বিভক্ত করা।

এটি একটি অজানা সংস্থার মাধ্যমে বিভিন্ন শ্রেণীর নাগরিকত্ব তৈরি করবে যার পিছনে রয়েছে সংবিধানের পূর্ণ শক্তি। অনেক আদিবাসী অস্ট্রেলিয়ান এটিকে সমর্থন করে না।

### স্থায়ী

সংবিধানে একটি ভয়েস রাখা মানে, এটি হবে স্থায়ী। আমরা নেতিবাচক পরিণতিতে আটকে যাব।

## NO ভোট দেয়ার পক্ষে ১০টি কারণ

### 1. এই ভয়েস আইনগতভাবে ঝুঁকিপূর্ণ

অস্ট্রেলিয়ার সংবিধান আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ আইনি দলিল। প্রতিটি শব্দের একটি উন্মুক্ত ব্যাখ্যা হতে পারে।

অস্ট্রেলিয়া ১৯৭৭ সালের পর তার সংবিধান আর পরিবর্তন করেনি। **এটি হবে অস্ট্রেলিয়ার ইতিহাসে আমাদের গণতন্ত্রে সবচেয়ে বড় পরিবর্তন।**

এটা অজানা কিছুর মধ্যে ঝাঁপ দেয়ার সামিল। এই ভয়েস পরীক্ষিত নয়। পৃথিবীর কোথাও এর সাথে তুলনীয় সাংবিধানিক সত্ত্বা নেই।

সংবিধানে ভয়েস-এর মতো একটি বিষয়কে অন্তর্ভুক্ত করার অর্থ হল এটি আইনি চ্যালেঞ্জ এবং উচ্চ আদালতের ব্যাখ্যার জন্য উন্মুক্ত থাকবে।

আইন বিশেষজ্ঞরা একমত নন, এবং নিশ্চিতভাবে জানতেও পারছেন না, হাইকোর্ট কীভাবে এ ধরনের সাংবিধানিক পরিবর্তনের ব্যাখ্যা দেবে।

No কেস চলমান পৃষ্ঠা 13

**কারা এটি লিখেছিলেন?**

**এই যুক্তির বিষয়বস্তু (যা aec.gov.au/referendums/pamphlet.htm ওয়েবসাইটে দেখা যেতে পারে) সংসদের অধিকাংশ সদস্য দ্বারা অনুমোদিত হয়েছিল, যাঁরা প্রস্তাবিত আইনের বিপক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন । নির্বাচন কমিশনার কর্তৃক সংশোধন ছাড়াই এই লেখা প্রকাশ করা হয়েছে।**

# ভোট দেয়ার কেস Yes

উন্নত শিশু স্বাস্থ্য থেকে শুরু করে প্রত্যন্ত অঞ্চলে পরিষেবার মানোন্নয়ন পর্যন্ত বিষয়ে ভয়েস পরামর্শ দেবে, যা অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের মূল সমস্যা।

অবশ্য সংসদ এবং সরকার সমস্ত আইন, কর্মসূচি এবং অর্থায়নের জন্য দায়ী থাকবে।

**Patrick Dodson, ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার সিনেটর, Yawuru প্রবীণ:**
*"যখন তৃণমূলের জনসাধারণের কথা শোনা হয় এবং তাদেরকে যুক্ত করা হয়, তখন আরও ভাল আইন ও নীতি তৈরি করা যায়। ভয়েসের পরামর্শ আমাদের সিদ্ধান্তকে এবং দিকনির্দেশনাকে আরও ওয়াকিবহাল এবং সফল করে তুলবে। সংবিধানে এই স্বীকৃতি আমাদের জাতির ক্ষত সেরে উঠায় সাহায্য করবে।"*

## দ্য ভয়েস: মূল তথ্য

- অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের কাছ থেকে ধারণাগুলো আসবে।
- আমাদের সংবিধানে First Peoples (ফার্স্ট পিপলদের) স্বীকৃতি দেবে।
- অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের একটি কমিটি।
- যে সমস্যাগুলো জনগণকে প্রভাবিত করছে, সেগুলো সম্পর্কে তাদের কথা বলার সুযোগ দেবে।
- এই শোনার মানে হল আরও ভাল ফলাফল – এবং ব্যয়িত অর্থের বিনিময়ে আরও ভাল উপযোগিতা।
- সকল রাজ্য এবং টেরিটোরি, টরেস স্ট্রেইট আইল্যান্ড এবং প্রত্যন্ত সম্প্রদায়গুলোর প্রতিনিধি থাকবে।
- যুব সম্প্রদায়ের অন্তর্ভুক্তির পাশাপাশি নারী ও পুরুষের সংখ্যায় ভারসাম্য থাকবে।
- এরপরও আইন কানুন, কর্মসূচি এবং অর্থায়নের জন্য সংসদ এবং সরকার দায়ী থাকবে।

## YES ভোট দেয়ার জন্য আরও ৮টি কারণ জানতে পড়তে থাকুন

## 1. এই ধারনাটি অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের কাছ থেকে সরাসরি এসেছে।

Yes ভোট দেয়ার অর্থ হল:

- কয়েক দশক ধরে অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের দ্বারা উত্থাপিত একটি আকাঙ্ক্ষাকে সমর্থন করা
- এমন একটি প্রস্তাবকে গ্রহণ করা যা ৮০% এরও বেশি অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণ সমর্থন করে।

**ভয়েস এর প্রস্তাবনা রাজনীতিবিদদের কাছ থেকে আসেনি।**

২০১৭ সালে, বহু বছরের প্রচেষ্টা এবং দেশের প্রতিটি আনাচে-কানাচে অগুণতি আলোচনার পর প্রায় ২৫০ জন অ্যাবরিজিনাল এবং টোরেস স্ট্রেইট আইল্যান্ডার নেতা এবং প্রবীণ *Uluru Statement from the Heart (উলুরু স্টেটমেন্ট ফ্রম দ্য হার্ট)* অনুমোদন করেন।

একটি ভয়েস এর মাধ্যমে সংবিধানে স্বীকৃতির আহবান জানানো হচ্ছে।

তাদের জীবনে বাস্তবিক পরিবর্তন আনতে এবং তাদের সন্তানদের জন্য আরও ভাল সুযোগ তৈরি করতে আমাদের সবাইকে অনুরোধ করছি।

> অস্ট্রেলিয়ার সর্বস্তরের মানুষ, সব ধর্ম ও সংস্কৃতি এবং রাজনীতির সকল পক্ষের জনগণ এই প্রস্তাবে তাদের সমর্থন দিয়েছে।

এখন আমরা এটিকে বাস্তবে রূপ দিতে পারি।

Yes ভোট প্রদান হল এক ধরনের ঐক্য, যা অস্ট্রেলিয়ানদের একত্রিত করবে।

## 2. সুনির্দিষ্ট ফলাফলের জন্য সাংবিধানিক স্বীকৃতি

সাংবিধানিক স্বীকৃতি একটি শক্তিশালী কথা, যা বাস্তবিক পরিবর্তন ঘটাবে।

**Yes ভোট দেয়ার অর্থ হল:**

- অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণকে অস্ট্রেলিয়ার ফার্স্ট পিপলস্ হিসেবে স্বীকৃতি দেয়া।
- ৬৫,০০০ বছরের ইতিহাসকে উদযাপন এবং ভাগাভাগি করে নেয়া।
- অস্ট্রেলিয়ার ঐক্যের ব্যাপারে সারা বিশ্বকে একটি শক্তিশালী বার্তা দেয়া।
- ভবিষ্যতের জন্য একটি বাস্তবসম্মত পরিবর্তন ঘটানো।

Yes কেস চলমান পৃষ্ঠা 14

**কারা এটি লিখেছিলেন?** **এই যুক্তির বিষয়বস্তু (যা aec.gov.au/referendums/pamphlet.htm ওয়েবসাইটে দেখা যেতে পারে) সংসদের অধিকাংশ সদস্য দ্বারা অনুমোদিত হয়েছিল, যাঁরা প্রস্তাবিত আইনের পক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন। নির্বাচন কমিশনার কর্তৃক সংশোধন ছাড়াই এই লেখা প্রকাশ করা হয়েছে।**



# ভোট দেয়ার কেস No

**"আমি এক দশক বা তারও বেশি সময়ের জন্য ভয়েস থেকে উদ্ভূত সাংবিধানিক এবং প্রশাসনিক আইন সংক্রান্ত মামলার পূর্বাভাস দেখি..."**
*(Ian Callinan AC KC, হাইকোর্টের প্রাক্তন বিচারপতি)*[1]

এটি আইনি জটিলতা সৃষ্টি করবে।

## 2. বিস্তারিত কিছুই নেই

সিদ্ধান্তটি বিশাল। তবে, **ভোটের আগে সরকার মূল তথ্য প্রকাশ করবে না**।

আমরা জানি না এটি কীভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়কে সাহায্য করবে, এবং ব্যবধান দূর করবে।

আমরা জানি না এই ভয়েসে কতজন সদস্য থাকবে।

আমরা জানি না তারা নির্বাচিত হবেন নাকি তাদেরকে বেছে নেয়া হবে, কিংবা এটি কীভাবে ঘটবে।

আমরা জানি না এটি কীভাবে প্রতিনিধিত্ব করবে, বা দায়ী থাকবে।

> অস্ট্রেলিয়ানরা শুধু ভোট দেওয়ার পরেই এই বিষয়গুলি নির্ধারিত হবে।

Yes এর প্রচারাভিযান অনুসারে, ভোটের আগে বিশদ বিবরণ পাওয়ার *"কোন মানে হয় না"*:

"সংবিধান পরিবর্তনের জন্য অস্ট্রেলিয়ার জনগণের সমর্থন না পাওয়া পর্যন্ত এই বিশদ আলোচনা করার কোন মানে হয় না।"
*(Yes23 পুস্তিকা)*

এটি ভুল পথ।

আপনি পরিদর্শন না করে নিশ্চয়ই কোন বাড়ি কিনবেন না, কিংবা পরীক্ষামূলকভাবে না চালিয়ে একটি গাড়ি কিনবেন না।

তবুও বিশদ বিবরণ ছাড়াই আমাদের সংবিধান পরিবর্তন করতে আপনাকে ভোট দিতে বলা হচ্ছে।

অস্ট্রেলিয়ানদের ফাঁকা চেকে সই করতে বলা উচিত নয়।

"যেখানে আমরা বিস্তারিত জানি না, সেখানে অস্ট্রেলিয়ানরা কীভাবে একমত হতে পারে?"
*(সিনেটর Kerrynne Liddle, শিশু সুরক্ষা এবং পারিবারিক সহিংসতা প্রতিরোধ বিষয়ক ছায়ামন্ত্রী এবং Arrernte নারী)*

## 3. এটি আমাদেরকে বিভক্ত করবে

> আমাদের সংবিধানে অস্ট্রেলীয়দের একটি মাত্র গোষ্ঠীর জন্য একটি সত্তা অন্তর্ভুক্ত করার অর্থ অস্ট্রেলিয়ানদের স্থায়ীভাবে বিভক্ত করা। অনেক আদিবাসী অস্ট্রেলিয়ান এর সাথে একমত নন।

**"এই ভয়েস আমাদের একত্রিত করবে না, বরং এটি আমাদেরকে বর্ণ পরিচয়ে বিভক্ত করবে।"**
*(সিনেটর Jacinta Nampijinpa Price, আদিবাসী অস্ট্রেলিয়ান বিষয়ক ছায়ামন্ত্রী এবং Warlpiri নারী)*

এটি আমাদের গণতান্ত্রিক ব্যবস্থার একটি মূল নীতির বিরুদ্ধে যায় যে, সকল অস্ট্রেলিয়ান আইনের চোখে সমান।

"প্রস্তাবিত s১২৯-এর অন্তর্ভুক্তির অর্থ এই যে আমরা এমন একটি জাতিতে পরিণত হব যেখানে, আমরা বা আমাদের পূর্বপুরুষেরা কখন প্রথম এই দেশে এসে থাক না কেন, আমরা সবাই সমান নই।"
*(David Jackson AM KC, সাবেক ফেডারেল কোর্টের বিচারক)* [2]

আমাদের সংবিধান সকল অস্ট্রেলিয়ানদের জন্য। সব অস্ট্রেলিয়ানদের প্রতিনিধিত্ব করার জন্য আমাদের পার্লামেন্টটি আছে। উল্লেখযোগ্য সংখ্যায় এটিতে এখন ১১ জন আদিবাসী সদস্য এবং সিনেটর অন্তর্ভুক্ত আছেন।

আমাদের জাতীয় সঙ্গীতটি সম্প্রতি পরিবর্তন করা হয়েছে এই সত্যটি প্রতিফলিত করার জন্য যে আমরা "এক এবং স্বাধীন"।

**অপরদিকে, এই ভয়েস স্থায়ীভাবে অস্ট্রেলিয়ানদের আইনগতভাবে ও চেতনাগতভাবে বিভক্ত করবে।**

"আমরা সবাই অস্ট্রেলিয়ান। আর এটাই শেষ কথা হওয়া উচিত। এটিকে এই তথাকথিত ভয়েস দ্বারা বিভক্ত করা উচিত নয়, যা এই দেশটির কেন্দ্রবিন্দুতে বিভক্তি সৃষ্টি করতে চলেছে।"
*(Ian Conway, Central Arrernte সিনিয়র কাস্টোডিয়ান)*

1 দ্য অস্ট্রেলিয়ান, ১৭/১২/২০২২
2 সংসদীয় তদন্ত উপস্থাপন, ১১/০৪/২০২৩

No কেস চলমান পৃষ্ঠা 15

**কারা এটি লিখেছিলেন?** **এই যুক্তির বিষয়বস্তু (যা aec.gov.au/referendums/pamphlet.htm ওয়েবসাইটে দেখা যেতে পারে) সংসদের অধিকাংশ সদস্য দ্বারা অনুমোদিত হয়েছিল, যাঁরা প্রস্তাবিত আইনের বিপক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন । নির্বাচন কমিশনার কর্তৃক সংশোধন ছাড়াই এই লেখা প্রকাশ করা হয়েছে।**

প্রজন্মের পর প্রজন্ম ধরে অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণ তাদের সংস্কৃতি এবং সৃজনশীলতা দিয়ে, ভূমি ও জল সম্পর্কে তাদের জ্ঞান দিয়ে এবং অস্ট্রেলিয়ান জীবনে তাদের অবদান দিয়ে আমাদের জাতিকে সমৃদ্ধ করেছে।

আমাদের এই প্রাচীন মহাদেশটি বিশ্বের প্রাচীনতম জীবন্ত সংস্কৃতির আবাসস্থল। আমাদের সংবিধানে এটিকে স্বীকৃতি দেওয়া মানে হল আমাদের সম্মিলিত ইতিহাসকে উদযাপনের একটি অনুপ্রেরণামূলক উপায়।

Yes ভোট দেয়া হল সম্প্রীতির একটি নিদর্শন, যা সত্যিকারের ফলাফল বয়ে আনবে।

> আদিবাসী অস্ট্রেলিয়ানরা যে ধরনের স্বীকৃতি আমাদেরকে সমর্থন করতে বলছে, তা হল একটি ভয়েস। এটি বাস্তবিক পরিবর্তনের একটি বাহন।

**Johnathan Thurston, এনআরএল চ্যাম্পিয়ন এবং কোচ, Gunggari সম্প্রদায়ের লোক:**
*"আমাদের তরুণরা তাদের সেরা হওয়ার সুযোগ পাওয়ার যোগ্য। আমি কুইন্সল্যান্ডের Yarrabah সম্প্রদায়ের স্কুলের বাচ্চাদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করি। আমি দেখেছি তারা কী কী বাধার সম্মুখীন। এটি তাদের স্থানীয় সম্প্রদায়ের চেয়ে আর কেউই ভাল বোঝে না। তাদের মতামত জানানোর সুযোগ দেয়ার অর্থ হবে আমাদের আরও বেশি বাচ্চারা তাদের সম্ভাবনায় পৌঁছে যাবে। এটাই ভয়েস-এর মূল উদ্দেশ্য"।*

## 3. জনগণের জীবনের মান যাতে উন্নত হয়, তা নিশ্চিত করা।

অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণের জন্য নিম্নোক্ত ক্ষেত্রে সত্যিকারের উন্নয়ন ঘটানোর জন্য ভয়েস হচ্ছে একটি বাহন:

- আয়ুষ্কাল।
- শিশু মৃত্যুহার এবং স্বাস্থ্য।
- শিক্ষা এবং চাকরি।

দীর্ঘদিন ধরে, সদিচ্ছা নিয়ে বিভিন্ন সরকার এই সমস্যাগুলো মোকাবেলা করার জন্য কোটি কোটি টাকা খরচ করেছে।

কিন্তু তারা দীর্ঘস্থায়ী উন্নতি করতে পারেনি, কারণ তারা তৃণমূলের লোকদের কথা শোনেনি।

বর্তমান পদ্ধতিটি অকার্যকর হয়ে পড়েছে, এবং এটিকে ঠিক করার জন্য ভয়েস আমাদের সেরা সুযোগ।

কেউই মনে করেন না যে, ভয়েস সবকিছু তাৎক্ষণিকভাবে সমাধান করে দেবে – তবে অবশেষে আমরা সঠিক পদ্ধতিটিই পাব।

**এখানে তিনটি উদাহরণ রয়েছে যেখানে আদিবাসীদের কথা শোনার ফলে অপেক্ষাকৃত ভাল ফলাফল পাওয়া গেছে।**

**ভয়েস এর কারণে অস্ট্রেলিয়া যে অগ্রগতি লাভ করতে পারে তা কল্পনা করুন।**

### মানুষের কথা শোনায় কাজ হয়: উন্নত স্বাস্থ্য সেবা

কমিউনিটি নিয়ন্ত্রিত অ্যাবরিজিনাল মেডিক্যাল সার্ভিসগুলো স্থানীয় আদিবাসীদের নিয়োগ দেয়।

তারা ক্লিনিক পরিচালনা করেন এবং প্রত্যন্ত এলাকাগুলো ভিজিট করেন, যার মাধ্যমে তারা শিশুদের টিকা প্রদানের মত জরুরী পরিষেবাগুলো দিয়ে থাকেন।

সাউথ ইস্ট কুইন্সল্যান্ডে বার্ষিক স্বাস্থ্য পরীক্ষার সংখ্যা ১০ বছরে ৫৫০ থেকে ২০,০০০ এরও বেশি বাড়াতে স্থানীয় অ্যাবরিজিনাল মেডিক্যাল সার্ভিস এবং কমিউনিটি একসাথে কাজ করেছিল।

### মানুষের কথা শোনায় কাজ হয়: শিক্ষায় আরও ভাল ফলাফল

আর্নহেম ল্যান্ডের নতুন Dhupuma Barker স্কুলের প্রতিটি ধাপে পাঠ-পরিকল্পনা থেকে শুরু করে ইউনিফর্ম এবং মধ্যাহ্নভোজ পর্যন্ত পরিবার এবং কমিউনিটির নেতারা জড়িত থেকেছেন।

প্রকৃত অংশীদারিত্ব **স্কুলে উপস্থিতির হার বাড়িয়েছে এবং আরও ভাল ফলাফল প্রদান করেছে**। নর্দার্ন টেরিটোরির প্রথম দল হিসেবে 'Dhupuma Firebirds' রোবোটিক্স দলটি সম্প্রতি টেক্সাসে VEX আন্তর্জাতিক চ্যাম্পিয়নশিপে প্রতিদ্বন্দ্বিতা করার যোগ্যতা অর্জন করেছে।

প্রিন্সিপ্যাল Phillip Heath বলেছেন:
*"কমিউনিটির কথা শোনা আঞ্চলিক এবং দূরবর্তী শিক্ষার ক্ষেত্রে একটি গেইম-চেঞ্জার।"*

### মানুষের কথা শোনায় কাজ হয়: আদিবাসী রেঞ্জার

দেশে প্রায় ২০০০ আদিবাসী রেঞ্জার কাজ করছেন।

Yes কেস চলমান পৃষ্ঠা 16

**কারা এটি লিখেছিলেন?**

**এই যুক্তির বিষয়বস্তু (যা aec.gov.au/referendums/pamphlet.htm ওয়েবসাইটে দেখা যেতে পারে) সংসদের অধিকাংশ সদস্য দ্বারা অনুমোদিত হয়েছিল, যাঁরা প্রস্তাবিত আইনের পক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন। নির্বাচন কমিশনার কর্তৃক সংশোধন ছাড়াই এই লেখা প্রকাশ করা হয়েছে।**





## 4. এটি আদিবাসী অস্ট্রেলিয়ানদের সাহায্য করবে না

আমরা সবাই সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের আদিবাসী অস্ট্রেলিয়ানদের সাহায্য করতে চাই, যেন ব্যবধান দূর হয় এবং সমঝোতা অর্জন করা যায়।

**কিন্তু আরও বেশি আমলাতন্ত্র এর উত্তর নয়।**

ন্যাশনাল ইনডিজেনাস অস্ট্রেলিয়ানস্ এজেন্সির ১,৪০০ জন কর্মীসহ সরকারের সকল স্তরে বর্তমানে শত শত আদিবাসী প্রতিনিধি সত্তা রয়েছে।

একটি কেন্দ্রীভূত ভয়েস, আঞ্চলিক এবং প্রত্যন্ত সম্প্রদায়ের চাহিদা উপেক্ষা করার ঝুঁকিতে ফেলবে।

> "একটি জাতীয় ভয়েস প্রত্যন্ত অঞ্চলের কথা বলতে পারবে না।"
> (*Nyunggai Warren Mundine AO, অস্ট্রেলিয়ান ফর ইউনিটি বোর্ডের সদস্য এবং Bundjalung পুরুষ*)

এই মুহূর্তে, প্রত্যন্ত কিছু সম্প্রদায়ের সর্বনাশা সামাজিক সমস্যা মোকাবেলায় সাহায্য চেয়ে অনেক কণ্ঠস্বর আর্তনাদ করছে। যা প্রয়োজন তা হল দরকারি কাজটি করা।

> **"ক্যানবেরায় আমাদের যা দরকার তা হল শোনার জন্য কান, ভয়েস নয়।"**
> (*সিনেটর Jacinta Nampijinpa Price, আদিবাসী অস্ট্রেলিয়ান বিষয়ক ছায়ামন্ত্রী এবং Warlpiri নারী*)

## 5. কোন সমস্যাই এর গণ্ডির বাইরে নয়

এই ভয়েস মডেলটি শুধু সংসদে নয়, এটির বিস্তৃতি অনেক দূর - "নির্বাহী সরকারের" সমস্ত ক্ষেত্রে। **এতে সমস্ত সরকারি বিভাগ, সংস্থা এবং অন্যান্য সংস্থা (যেমন রিজার্ভ ব্যাঙ্ক) অন্তর্ভুক্ত রয়েছে।**

অর্থনীতি, জাতীয় নিরাপত্তা, অবকাঠামো, স্বাস্থ্য, শিক্ষা এবং আরও অনেক কিছু সম্পর্কিত সিদ্ধান্ত এর গণ্ডির মধ্যে থাকবে।

সরকারের গণভোট ওয়ার্কিং গ্রুপের একজন সদস্যের ভাষায়:

> "ভয়েস মন্ত্রিপরিষদ, মন্ত্রী, সরকারী কর্মচারী এবং স্বায়ত্তশাসিত সংবিধিবদ্ধ অফিস এবং সংস্থাসহ সরকারের সকল অংশের সাথে কথা বলতে সক্ষম হবে - যেমন রিজার্ভ ব্যাঙ্ক...এটি ভয়েসকে বন্ধ করতে পারবে না।"
> (*অধ্যাপক Megan Davis এবং Gabrielle Appleby*)[3]

ভয়েস সমর্থনকারী, সাংবিধানিক আইনের একজন অধ্যাপকের কথায়:

> "আমি মনে করি এটি মারাত্মকভাবে ত্রুটিপূর্ণ, কারণ এটি যা করবে তা হল নির্বাহী কর্মকাণ্ডের পূর্ণ পর্যালোচনার সুযোগ নেবে। এর মানে ভয়েস সাবমেরিন থেকে পার্কিং টিকিট পর্যন্ত সব বিষয়ে মন্তব্য করতে পারবে...আমরা নিয়মিত বিচারিক হস্তক্ষেপ পেতে থাকব।"
> (*অধ্যাপক Greg Craven AO*)[4]

অনেক আইন বিশেষজ্ঞ এর কার্যপরিধি সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছেন, তবে তাদের উদ্বেগগুলিকে স্রেফ উপেক্ষা করা হয়েছে।

## 6. এটি বিলম্ব এবং অকার্যকরতার ঝুঁকি তৈরি করবে

অস্ট্রেলিয়ার পার্লামেন্ট বছরে শত শত আইন নিয়ে কাজ করে।

এই ভয়েসের পরিধি সংসদ অতিক্রম করে চলে যায়, যা মন্ত্রনালয়সমূহ, সংস্থা এবং "নির্বাহী সরকারের" সমস্ত ক্ষেত্রে বিস্তৃত হয়।

কী করে ভয়েস এটি সামাল দেবে?

**ভয়েস এর সাথে যেভাবে পরামর্শ করা হয়েছে, বা যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, তাতে যদি ভয়েস সন্তুষ্ট না হয়, তবে সে এটি আদালতে আপিল করতে পারে। এতে কত সময় লাগবে?**

অনেক আইন বিশেষজ্ঞ সতর্ক করেছেন যে এটি সিদ্ধান্ত গ্রহণে যথেষ্ট বিলম্ব ঘটাবে।

> "ভয়েস প্রায় নিশ্চিতভাবে বর্তমান সমস্যাগুলির একটি বিস্তৃত ক্ষেত্র নিয়ে দীর্ঘ বিতর্কের জন্য একটি বজ্রপাতদণ্ড হয়ে উঠবে। জাতীয় এজেন্ডায় বর্তমান উদ্বেগের প্রায় প্রতিটি বিষয়েই কোনো না কোনো আদিবাসী উপাদান খুঁজে পাওয়া যাবে।"
> (*Nicholas Hasluck AM KC, WA সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারক*)[5]

আইনি আপিল এবং বিলম্বের ঝুঁকি মানে একটি অকার্যকর সরকারের ঝুঁকি সৃষ্টি।

এটি অস্ট্রেলিয়ার জন্য ভালো নয়।

---

3 দ্য অস্ট্রেলিয়ান, ০১/০৪/২০২৩
4 ডেইলি মেইল, ২৪/০৩/২০২৩
5 সংসদীয় তদন্ত উপস্থাপন, ১৬/০৪/২০২৩

No কেস চলমান পৃষ্ঠা 17

**কারা এটি লিখেছিলেন?**

**এই যুক্তির বিষয়বস্তু (যা aec.gov.au/referendums/pamphlet.htm ওয়েবসাইটে দেখা যেতে পারে) সংসদের অধিকাংশ সদস্য দ্বারা অনুমোদিত হয়েছিল, যাঁরা প্রস্তাবিত আইনের বিপক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন । নির্বাচন কমিশনার কর্তৃক সংশোধন ছাড়াই এই লেখা প্রকাশ করা হয়েছে।**

রেঞ্জাররা বুশফায়ার **প্রতিরোধ, বন্য কীটপতঙ্গ নিয়ন্ত্রণ এবং আমাদের নদীগুলির অবস্থার উন্নতিতে কাজ করার মাধ্যমে আমাদের পরিবেশের যত্ন নেয়।**

আদিবাসী রেঞ্জারদের কথা শোনা মানে হল ৬৫,০০০ বছরের জ্ঞান ভাগাভাগি করে নেয়া এবং আমাদের দেশ ও জলের সাথে একটি বন্ধন গড়ে তোলা।

**সমগ্র অস্ট্রেলিয়ায় আরও ভাল ফলাফল অর্জনের জন্য Yes ভোট দিন।**

**ব্যবধান ঘোচাতে Yes ভোট দিন।**

## 4. আমাদের দেশটিকে ঐক্যবদ্ধ করুন।

Yes ভোট দেয়ার অর্থ হল:

- আমাদের অতীতের সাথে সমন্বয়সাধন এবং একটি উন্নত ভবিষ্যতের দিকে এগিয়ে যাওয়া।
- এমন একটি পরিবর্তন যা কেবল আপনিই ঘটাতে পারেন।

১৯০১ সালে আমাদের সংবিধান কার্যকর হওয়ার পর থেকে অস্ট্রেলিয়া অনেক দূর এগিয়েছে।

আমরা এখন যথাযথভাবে আদিবাসী অস্ট্রেলিয়ান এবং আমাদের দেশে তাদের অবদানকে উদযাপন করি।

১৯৬৭ সালের গণভোটে ৯০% অস্ট্রেলিয়ান সংবিধান পরিবর্তনের পক্ষে Yes ভোট দিয়েছিলেন, তাই অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণকে অন্য সকলের মতোই জনসংখ্যার মধ্যে গণনা করা হবে।

এটি ছিল ঐক্যবদ্ধ প্রয়াসের একটি অগ্রযাত্রা।

একসাথে আমাদের পরবর্তী পদক্ষেপ নেওয়ার সুযোগ রয়েছে - একটি ভয়েসের মাধ্যমে অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডারদের স্বীকৃতি দেয়া।

কানাডা এবং নিউজিল্যান্ডের মতো অনুরূপ ইতিহাস-সমৃদ্ধ অন্যান্য দেশগুলি কয়েক দশক আগেই আনুষ্ঠানিকভাবে তাদের নিজেদের ফার্স্ট পিপলদের স্বীকৃতি দিয়েছিল।

**অভিজ্ঞতা থেকে দেখা যায় যে ভয় পাওয়ার কিছু নেই – এবং অনেক কিছুই অর্জন করার আছে।**

> **অ্যালিস স্প্রিং এর চলচ্চিত্রকার Rachel Perkins, Arrernte/Kalkadoon নারী:**
> *"আমাদের জনগণ উন্নত জীবনের সুযোগ লাভের জন্য কয়েক দশক ধরে প্রচারণা চালিয়েছে। আমরা কখনই এর চেয়ে বেশি সংকল্পবদ্ধ বা ঐক্যবদ্ধ হইনি। ভয়েস আমাদের সেরা সুযোগ, আসুন এটি গ্রহণ করি"*

## 5. অর্থ বাঁচায়।

যখন সরকারগুলি মানুষের কথা শোনে, তখন তারা আরও ভাল ফলাফল পায় এবং বরাদ্দ আরও কার্যকরভাবে ব্যবহার করে।

> **আন্টি Pat Anderson AO, কো-চেয়ার উলুরু ডায়ালগস, Alyawarre নারী**:
> *"আপনি যখন মানুষকে জড়িত করবেন, তখন আপনি আরও ভাল সিদ্ধান্ত নেবেন, এবং আপনি যে অর্থ ব্যয় করবেন তা যেখানে সবচেয়ে বেশি প্রয়োজন, সেখানে যাবে: অর্থাৎ তৃণমূল মানুষদের কাছে।"*

উভয় দলের সরকারগুলো বিলিয়ন বিলিয়ন ডলার বিনিয়োগ করেছে যা সমস্যাগুলোর সমাধান করেনি কিংবা সেই অর্থ কমিউনিটির কাছে পৌঁছায়নি।

একটি ভয়েস আমাদেরকে স্থানীয় জনগণের কথা শুনতে এবং অর্থের সাশ্রয় করতে সাহায্য করবে।

যে বিষয়গুলো কাজ করছে না সেগুলোতে যখন সরকার করদাতাদের অর্থ নষ্ট না করে, সেটা আমাদের জন্য মঙ্গলকর হয়।

## 6. এখনই সময়।

ভয়েস এর ধারনাটি গড়ে উঠতে কয়েক দশক সময় লেগেছে। অনেক অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার প্রচুর পরিশ্রম এবং সদিচ্ছা ঢেলে দিয়েছেন।

No ভোট দেয়া মানে কোন কিছুই পরিবর্তিত হবে না। এর অর্থ হল এটি মেনে নেয়া যে আমরা এর চেয়ে ভালো কিছু করতে পারব না।

**এই ধরনের ঝুঁকি আর বেশি নেবেন নাঃ**

- আরও কম আয়ু।
- শিক্ষা এবং চাকুরির ক্ষেত্রে আরও খারাপ ফলাফল।
- স্বাস্থ্যের ক্ষেত্রে আরও খারাপ ফলাফল।

**Yes কেস চলমান** পৃষ্ঠা 18

**কারা এটি লিখেছিলেন?**

**এই যুক্তির বিষয়বস্তু (যা** aec.gov.au/referendums/pamphlet.htm **ওয়েবসাইটে দেখা যেতে পারে) সংসদের অধিকাংশ সদস্য দ্বারা অনুমোদিত হয়েছিল, যাঁরা প্রস্তাবিত আইনের পক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন। নির্বাচন কমিশনার কর্তৃক সংশোধন ছাড়াই এই লেখা প্রকাশ করা হয়েছে।**





## 7. এটি বিক্ষোভকারীদের জন্য সুযোগ তৈরি করবে

আইনি অনিশ্চয়তা এবং বিশদ বিবরণের অনুপস্থিতি প্রশ্ন উত্থাপন করে: এর পরে কী আসছে?

> ভয়েস এর কিছু সমর্থক অগ্রিম বলছেন যে এই ভয়েস হবে সংস্কার, ক্ষতিপূরণ এবং অন্যান্য আমূল পরিবর্তনের প্রথম পদক্ষেপ।

> "এটি প্রথম পদক্ষেপ এবং একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং এর পিছনে সমস্ত রকম ব্যাখ্যা আছে। উদাহরণস্বরূপ, 'ভাড়া পরিশোধ করুন', আমরা কীভাবে এটি স্বচ্ছতা বজায় রেখে করব, যা প্রকৃতপক্ষে অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেট আইল্যান্ডারদের জন্য সংস্কার এবং ক্ষতিপূরণ হিসাবে দেখা যাবে...?"
> (*Thomas Mayo, রেফারেন্ডাম ওয়ার্কিং গ্রুপ*)[6]

Uluru Statement from the Heart (উলুরু স্টেটমেন্ট ফ্রম দ্য হার্ট) বলছে চুক্তি এবং সত্যকথনের আগে ভয়েস হচ্ছে প্রথম পদক্ষেপ।

সংজ্ঞা অনুসারে, একটি চুক্তি হল সরকারগুলোর মধ্যে চুক্তি, নাগরিকদের একটি গ্রুপ এবং তাদের সরকারের মধ্যে নয়।

সরকারের গণভোট ওয়ার্কিং গ্রুপের একজন সদস্য "পুরাতন ঔপনিবেশিক প্রতিষ্ঠানের বিলুপ্তি" করার লক্ষ্যে "সত্য"কে "উদ্দেশ্যসাধনের উপায়" হিসাবে বর্ণনা করেছেন।

> "আমাদের ক্ষতি করে এমন পুরানো ঔপনিবেশিক প্রতিষ্ঠানগুলির আইন প্রণয়ন, সংস্কার এবং সেসকল সংস্থাগুলির বিলুপ্তির মতো অন্যান্য বিষয় ও চুক্তির জন্য যে কোনও আলোচনায় আমাদের জনগণের জন্য করণীয় পদক্ষেপকে আরও এগিয়ে নেওয়ার এটি একটি উপায়।"
> (*Thomas Mayo, রেফারেন্ডাম ওয়ার্কিং গ্রুপ*)[7]

ইতিমধ্যে, অনেক অ্যাক্টিভিস্ট অস্ট্রেলিয়া **দিবস বাতিল, আমাদের পতাকা এবং অস্ট্রেলিয়ানদের জন্য গুরুত্বপূর্ণ অন্যান্য প্রতিষ্ঠান ও প্রতীকগুলো বদলে ফেলার জন্য** প্রচারণা চালাচ্ছে।

> "এটি সর্বদাই #abolishAustraliaDay ছিল, তারিখ পরিবর্তন করার ছুতায় এটিকে এড়িয়ে যাওয়া।"
> (*Teela Reid, গণভোট এনগেজমেন্ট গ্রুপ*)[8]

যদি সাংবিধানিকভাবে একটি ভয়েস থাকে তবে এই দাবিগুলোর আওয়াজ আরও বাড়বে।

> "অস্ট্রেলিয়ানদের বুঝতে হবে যে এই ভয়েস সহাবস্থানের সার্বভৌমত্বের স্বীকৃতির দাবিকে সমর্থন করার জন্য ব্যবহার করা হবে। মাকারাটা কমিশন গঠন করা হয়েছে একটি চুক্তি এবং আর্থিক ক্ষতিপূরণ তৈরি করার জন্য, এবং অস্ট্রেলিয়ান ইতিহাসের পুনর্লিখনের জন্য...
> অস্ট্রেলিয়ান সমাজের জন্য বড় অপূরণীয় ক্ষতির সম্ভাবনার অর্থ হল ভয়েস কখনই অস্ট্রেলিয়ান সংবিধানে অন্তর্ভুক্ত করা উচিত নয়..."
> (*Terence Cole AO RFD KC, এনএসডব্লিউ সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারক*)[9]

## 8. এটি হবে ব্যয়বহুল এবং আমলাতান্ত্রিক

এই ভয়েসের জন্য অতিরিক্ত কত অর্থ বরাদ্দ করা হবে, তা আমরা জানি না।

এটি আরেকটি তথ্য, যা শুধুমাত্র গণভোটের পরে নির্ধারিত হবে।

**বর্তমানে সরকারের সকল স্তরে শত শত অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার** প্রতিনিধি সংস্থা রয়েছে।

> চলতি বছরে সরকার ন্যাশনাল ইন্ডিজেনাস অস্ট্রেলিয়ানস্ এজেন্সির জন্য ৪.৩ বিলিয়ন ডলার বরাদ্দ করেছে, যাদের ১,৪০০ কর্মী রয়েছে।

এজেন্সির ওয়েবসাইট এবং কর্পোরেট প্ল্যান বলছে: "আমরা... নিশ্চিত করছি যেসকল সিদ্ধান্ত অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডারদের প্রভাবিত করছে সেগুলোতে যেন তাদের একটি বক্তব্য থাকে।"

এই ভয়েস এগুলোর কোনওটিকে প্রতিস্থাপন করবে এমন কোনও প্রস্তাবনা নেই। এটি হবে অনেক আমলাতন্ত্রের একটি।

## 9. এই ভয়েস হবে স্থায়ী

এই ভয়েস কোন পরীক্ষামূলক বা পাইলট প্রোগ্রাম নয়। এটি আইনে থাকবে না, যা উল্টানো যাবে।

6 সার্চ ফাউন্ডেশনের বক্তৃতা, ১২/০২/২০২০
7 সার্চ ফাউন্ডেশনের বক্তৃতা, ১২/০২/২০২০
8 টুইটার, ২৪/০১/২০২৩
9 স্পেকটেটর অস্ট্রেলিয়া, ০৬/০৪/২০২৩; সংসদীয় তদন্ত উপস্থাপন, ১৯/০৪/২০২৩

**No কেস চলমান** পৃষ্ঠা 19

**কারা এটি লিখেছিলেন?**

**এই যুক্তির বিষয়বস্তু (যা** aec.gov.au/referendums/pamphlet.htm **ওয়েবসাইটে দেখা যেতে পারে) সংসদের অধিকাংশ সদস্য দ্বারা অনুমোদিত হয়েছিল, যাঁরা প্রস্তাবিত আইনের বিপক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন । নির্বাচন কমিশনার কর্তৃক সংশোধন ছাড়াই এই লেখা প্রকাশ করা হয়েছে।**

এই চক্রটি ভাঙতে এবং জাতিকে একত্রিত করতে Yes ভোট দিন।

**Eddie Betts, অ্যাডিলেইড এবং কার্লটন এএফএল তারকা, Gubrun, Wirangu/Kokatha পুরুষ:**
*"আমি জানি ভয়েস রাতারাতি সবকিছু ঠিক করে দেবে না, কিন্তু আমি মনে করি আমাদের জীবনকে প্রভাবিত করে এমন সমস্যাগুলির বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আমাদের অন্তর্ভুক্ত করা এবং সম্মান জানানো নিশ্চিত করার জন্য এটি একটি লক্ষ্যপথের সূচনা।"*

## 7. কার্যকরী কিছু ব্যবহারিক পরামর্শ।

ভয়েস আদিবাসীদের স্বাস্থ্য, শিক্ষা, কর্মসংস্থান এবং আবাসনের উন্নতির জন্য বাস্তব পদক্ষেপ নেয়ার পরামর্শ দেবে।

ভয়েসকে সংবিধানে যুক্ত করার মানে হল এটিকে বর্তমান এবং ভবিষ্যতে স্থিতিশীলতা এবং স্বাধীনতা দেয়া।

এর মানে, স্বল্পমেয়াদী রাজনীতিতে না জড়িয়ে ভয়েস খোলামেলা পরামর্শ দিতে পারবে।

**আদিবাসী অস্ট্রেলিয়ানরা যে সমস্ত চ্যালেঞ্জের মুখোমুখি হয় আমরা রাতারাতি সেগুলোর সমাধান করতে পারব না। আমাদের এখনই পদক্ষেপ নেয়ার পাশাপাশি দীর্ঘমেয়াদী পরিকল্পনা দরকার।**

তাই আমাদের এমন একটি ভয়েস দরকার যাকে একটি কলমের খোঁচায় বাতিল করা যাবে না।

আইন বিশেষজ্ঞরা স্পষ্ট করেছেন যে আইন বা সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব করানো অথবা বাধা কিংবা ভেটো দেয়ার ক্ষমতা ভয়েসের থাকবে না। **ভয়েসের বিষয়টি হল পরামর্শ প্রদান**।

## 8. সরকারকে আরও ভালভাবে কাজ করতে দেয়া।

Yes ভোট দেয়ার অর্থ হল:

- সরকার আরও ভাল পরামর্শ পাচ্ছে এবং আরও ভাল অর্জন করছে।
- সংবিধানে একটি সংযোজন, যা বিশেষজ্ঞদের দ্বারা সমর্থিত।

সিনিয়র আইনজীবী এবং হাইকোর্টের সাবেক বিচারপতিরা এই প্রক্রিয়ার সাথে যুক্ত হয়েছেন।

### আইন-বিশেষজ্ঞরা যা বলছেন:

- সাংবিধানিকভাবে এবং আইনগতভাবে সঠিক।
- আমাদের সরকার ব্যবস্থাকে **উন্নত** করবে।
- ভেটো ক্ষমতা নেই - সংসদ এবং সরকারের চূড়ান্ত ক্ষমতা রয়েছে।

**Robert French AC, হাইকোর্ট অব অস্ট্রেলিয়ার প্রধান বিচারপতি ২০০৮-২০১৭ এবং Geoffrey Lindell, আইনের ইমেরিটাস অধ্যাপক, অ্যাডিলেইড বিশ্ববিদ্যালয়:**
*"ভয়েস এর ধারণাটি বিশাল কিন্তু জটিল নয়। এটি উচ্চতর প্রাপ্তির জন্য কম ঝুঁকিপূর্ণ...*
*সংসদ এবং সরকারকে অবহিত, সুসংগত এবং নির্ভরযোগ্য পরামর্শ দেওয়ার ক্ষেত্রে ভয়েস ফার্স্ট পিপলদের জন্য একটি বাস্তব সুযোগ প্রদান করবে।"*
- জয়েন্ট ওপিনিয়ন পিস, অস্ট্রেলিয়ান ফাইন্যান্সিয়াল রিভিউ, ০৪/০২/২০২৩।

## এখন এটি আমাদের ব্যাপার।

**Evonne Goolagong Cawley AC MBE, সাবেক বিশ্বসেরা টেনিস তারকা, Wiradjuri নারী:**
*"Yes ভোট দেওয়ার অর্থ হল সমস্ত অস্ট্রেলিয়ানদের জন্য আমাদের দেশে অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডারদের অবদানকে উদযাপন এবং পরবর্তী প্রজন্মকে তাদের স্বপ্নের পেছনে ছুটতে সাহায্য করার একটি সুযোগ। আসুন এই মুহূর্তটিকে দুহাত মেলে গ্রহণ করি।"*

অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণ আমাদের প্রজন্মের জন্য একমাত্র সুযোগটি দিয়েছে।

**আমরা একটি মহান ঐক্যবদ্ধ মুহূর্তের অংশ হবার জন্য Yes ভোট দিতে পারি, যা একটি উন্নত ভবিষ্যত নিয়ে আসবে।**

আমরা Yes ভোট দিতে পারি:

- অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডারদের জন্য সঠিক কাজটি করতে।
- মানুষকে যে সমস্যাগুলো প্রভাবিত করে সেগুলো সম্পর্কে তাদের মতামত দিতে।
- একটি বাস্তবসম্মত পার্থক্য তৈরি করতে, যা জীবনকে উন্নত করবে।

**স্বীকৃতি, মতামত শোনা, এবং আরও ভাল ফলাফল অর্জনের জন্য** চলুন আমরা Yes ভোট দিই।

Yes কেস চলমান পৃষ্ঠা 20

**কারা এটি লিখেছিলেন?**

**এই যুক্তির বিষয়বস্তু (যা aec.gov.au/referendums/pamphlet.htm ওয়েবসাইটে দেখা যেতে পারে) সংসদের অধিকাংশ সদস্য দ্বারা অনুমোদিত হয়েছিল, যাঁরা প্রস্তাবিত আইনের পক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন। নির্বাচন কমিশনার কর্তৃক সংশোধন ছাড়াই এই লেখা প্রকাশ করা হয়েছে।**





একবার সংবিধানে যুক্ত হয়ে গেলে এটিকে আর বাতিল করা যাবে না।

হাইকোর্ট একবার ব্যাখ্যা দিলে সংসদ তা বাতিল করতে পারে না।

আমরা চিরতরে নেতিবাচক পরিণতিতে আটকে যাব।

### 10. সামনে এর চেয়ে আরও ভাল পথ আছে

এই গণভোটটি কেবল সংবিধানে আদিবাসী অস্ট্রেলিয়ানদের স্বীকৃতি দেওয়ার বিষয় নয়।

**সেটি একটি ঝুঁকিপূর্ণ, অজানা এবং স্থায়ী ভয়েসের সাথে যুক্ত করা ছাড়াই অর্জন করা যেতে পারে।**

স্বীকৃতিতে অস্ট্রেলিয়ানদের ব্যাপক সমর্থন আছে। তবে এই ভয়েস প্রস্তাবনাটাই একটি সমস্যা।

নীতিগত দিক থেকে অনেক অস্ট্রেলিয়ান এই ভয়েস এর বিরোধিতা করছে।

অন্যরা ভয়েস এর চেয়ে কম ঝুঁকিপূর্ণ বিকল্প বিবেচনা করতে চাইতে পারে, কিন্তু সরকার আপনাকে এই পছন্দ দেয়নি।

সংবিধানের পূর্ববর্তী পরিবর্তনগুলি প্রস্তাব করার সময় বিকল্প এবং বিশদ বিবেচনা করার জন্য একটি সংবিধান-বিষয়ক সম্মেলন হয়েছে।

এখানে তেমন কোনো প্রক্রিয়া ঘটেনি। এই প্রক্রিয়াটি ছিল তাড়াহুড়ো করে করা এবং জবরদস্তিমূলক।

এই পদ্ধতিটি ঐক্যবদ্ধমূলক বা কার্যকর নয়। এটি বিভাজনকারী।

## সিদ্ধান্ত আপনার

এটি খুবই গুরুত্বপূর্ণ একটি সিদ্ধান্ত। দুর্ভাগ্যবশতঃ, অনেক অস্ট্রেলিয়ানদের ন্যায়সঙ্গত জিজ্ঞাসা এবং উদ্বেগকে খারিজ করে দেয়া হয়েছে।

সৌভাগ্যবশতঃ, এই গণভোট রাজনীতিবিদ, কর্পোরেশন বা সেলিব্রিটিদের দ্বারা নির্ধারিত হবে না।

এটি নির্ধারিত হবে অস্ট্রেলিয়ানদের দ্বারা। এটি সকল অস্ট্রেলিয়ানদের প্রভাবিত করবে।

**আপনি যদি না জানেন, তাহলে no ভোট দিন।**

## আরও তথ্য

তথ্য এবং আপডেটের জন্য দেখুন:

- www.riskyvoice.com
- www.oneandfree.au
- www.australiansforunity.com.au

**NO** কেস-এর সমাপ্তি।

**কারা এটি লিখেছিলেন?**

**এই যুক্তির বিষয়বস্তু (যা aec.gov.au/referendums/pamphlet.htm ওয়েবসাইটে দেখা যেতে পারে) সংসদের অধিকাংশ সদস্য দ্বারা অনুমোদিত হয়েছিল, যাঁরা প্রস্তাবিত আইনের বিপক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন । নির্বাচন কমিশনার কর্তৃক সংশোধন ছাড়াই এই লেখা প্রকাশ করা হয়েছে।**

অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার জনগণ যাতে আরও ভাল জীবনযাপন করতে পারে, সেইসাথে তাদের সন্তানদের জন্য আরও বেশি সুযোগ-সুবিধা নিশ্চিত হয়, সেজন্য চলুন Yes ভোট দিই।

ঐক্যের চেতনায়, আসুন একসাথে Yes ভোট দিই।

**YES কেস-এর সমাপ্তি।**

**কারা এটি লিখেছিলেন?** **এই যুক্তির বিষয়বস্তু (যা aec.gov.au/referendums/pamphlet.htm ওয়েবসাইটে দেখা যেতে পারে) সংসদের অধিকাংশ সদস্য দ্বারা অনুমোদিত হয়েছিল, যাঁরা প্রস্তাবিত আইনের পক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন। নির্বাচন কমিশনার কর্তৃক সংশোধন ছাড়াই এই লেখা প্রকাশ করা হয়েছে।**





No কেস শেষ হয়েছে 19 নম্বর পৃষ্ঠায়

**কারা এটি লিখেছিলেন?** **এই যুক্তির বিষয়বস্তু (যা aec.gov.au/referendums/pamphlet.htm ওয়েবসাইটে দেখা যেতে পারে) সংসদের অধিকাংশ সদস্য দ্বারা অনুমোদিত হয়েছিল, যাঁরা প্রস্তাবিত আইনের বিপক্ষে ভোট দিয়েছিলেন এবং এমন একটি কেস দাখিল করতে চেয়েছিলেন । নির্বাচন কমিশনার কর্তৃক সংশোধন ছাড়াই এই লেখা প্রকাশ করা হয়েছে।**

এই পৃষ্ঠাটি ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে



AEC
Australian Electoral Commission

## ২০২৩ সালের গণভোটের জন্য

# আপনার অফিসিয়াল নির্দেশিকা

## ভোটের দিনটা কবে?

আরও তথ্যের জন্য, QR কোড স্ক্যান করুন
অথবা aec.gov.au/referendums ওয়েবসাইট দেখুন

aec.gov.au
13 23 26

নির্বাচন কমিশন, ১০ মর্ট স্ট্রিট, ক্যানবেরা কর্তৃক অনুমোদিত
Authorised by the Electoral Commissioner, 10 Mort Street, Canberra

# নির্বাচন কমিশনারের **বার্তা**

অনেকদিন হয়ে গেল আমরা একটি গণভোট অনুষ্ঠিত করেছিলাম। শেষ গণভোট অনুষ্ঠিত হয়েছিল ১৯৯৯ সালে, যার অর্থ হচ্ছে, এই লেখাটি যারা পড়ছেন তাদের অনেকেই প্রথমবারের মতো একটি গণভোটে ভোট দিচ্ছেন।

গণভোট হল সংবিধানে প্রস্তাবিত পরিবর্তন সম্পর্কিত একটি প্রশ্নে একটি জাতীয় ভোট - এই ক্ষেত্রে, একটি অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার ভয়েস প্রতিষ্ঠার মাধ্যমে অস্ট্রেলিয়ার ফার্স্ট পিপলদের স্বীকৃতি দেওয়ার জন্য সংবিধান পরিবর্তন করতে হবে কি না।

একটি গণভোটে ভোট দেওয়া একটি নির্বাচনের থেকে আলাদা, এবং ফলাফল 'দ্বৈত সংখ্যাগরিষ্ঠ' ভোটার কীভাবে ভোট দেয় তার উপর ভিত্তি করে - অর্থাৎ:

- সব প্রদেশ এবং অঞ্চল থেকে একটি জাতীয় সংখ্যাগরিষ্ঠ (৫০% এর বেশি) ভোট, এবং
- সংখ্যাগরিষ্ঠ প্রদেশে সংখ্যাগরিষ্ঠ (৫০%-এর বেশি) ভোট (ছয়টি প্রদেশের মধ্যে অন্তত চারটিতে)।

গণভোটে ভোটদানের পরিকল্পনায় আপনাকে সাহায্য করতে AEC এই নির্দেশিকাটি তৈরি করেছে, যার মধ্যে রয়েছে কীভাবে সঠিকভাবে ভোট দিতে হয়, ভোটদানের জায়গায় কী কী ব্যাপার ঘটে এবং তথ্যের উত্স কীভাবে পরীক্ষা করতে হয়, এমন সব তথ্য।

ভোটের দিন সারা দেশে আমাদের ৭,০০০টিরও বেশি ভোট কেন্দ্র খোলা থাকবে, অগ্রিম ভোট দেওয়ার সুযোগ থাকবে, এবং দূরবর্তী এলাকায় ভোটার সেবাদানকারী দল থাকবে, যাদের সংখ্যা এযাবৎকালের মধ্যে সবচেয়ে বেশি হবে।

নিরপেক্ষ এবং স্বাধীন হওয়া অস্ট্রেলিয়ান নির্বাচন কমিশনের ভিত্তি। আমাদের প্রক্রিয়াগুলিতে আমরা যে স্বচ্ছতা, নিরাপত্তা এবং জবাবদিহিতা বজায় রাখি তা তাৎপর্যপূর্ণ এবং পক্ষপাতহীন।

ভোটের প্রক্রিয়ার প্রতিটি ধাপে সততার সাথে গণভোট আয়োজনে আমরা যে ভূমিকা পালন করি, তার জন্য আমি গর্বিত।

আরও তথ্যের জন্য **aec.gov.au/referendums** ওয়েবসাইট দেখুন।

Tom Rogers
Electoral Commissioner

ভোটার তালিকায় রয়েছে
**৯৭%**
এরও বেশি যোগ্য ভোটার

**৭,০০০+**
ভোট কেন্দ্র

**৫০০+**
অগ্রিম ভোট কেন্দ্র

সর্বোচ্চ
**১০০,০০০**
অস্থায়ী ভোট কর্মী

# থামুন এবং ভেবে দেখুন

## এই গণভোটে তথ্যের উৎসটি যাচাই করুন

গণভোটের সময় আপনি হয়ত ভোটদানের প্রক্রিয়া সম্পর্কে তথ্য পাবেন, যা প্রমাণভিত্তিক নয়, অপ্রাসঙ্গিক বা বিভ্রান্তিকর।

AEC একটি স্বাধীন সংস্থা, যার উপর অর্পিত দায়িত্ব হল গণভোট পরিচালনা করা। গণভোটে অংশ নেয়ার আবশ্যকতা, গণভোটের উদ্দেশ্য এবং ভোট দেওয়ার উপায়গুলো জানাতে আমরা ভোটারদের সাথে যোগাযোগ করব।

গণভোট প্রক্রিয়া সম্পর্কে আপনি যা দেখছেন, শুনছেন এবং পড়ছেন তা সাবধানে বিবেচনা করা গুরুত্বপূর্ণ।

সময় নিয়ে বিবেচনা করুন, তথ্যটি:

- নির্ভরযোগ্য কিংবা স্বীকৃত উৎস থেকে প্রচার করা হয়েছে কি না
- সাম্প্রতিক কি না
- নিরাপদ কি না (ভুয়া নয়)

সামাজিক মাধ্যমে এবং অনলাইনে তথ্য দেখার সময় এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

আরও তথ্য এবং দরকারি পরামর্শসহ স্বল্পদৈর্ঘ্য ভিডিওর জন্য **aec.gov.au/stopandconsider** ওয়েবসাইট দেখুন।




নির্বাচন কমিশন, ১০ মর্ট স্ট্রিট, ক্যানবেরা কর্তৃক অনুমোদিত

# গণভোটে ভোট দিতে আগে থেকেই প্রস্তুতি নিন

## ভোট কেন্দ্রগুলো সকাল ৮টায় খুলবে এবং বন্ধ হবে ঠিক সন্ধ্যা ৬টায়

### ভোট দেয়া কাদের জন্য আবশ্যক?

১৮ বছর বা তার বেশি বয়সী সকল অস্ট্রেলিয়ান নাগরিকদের এই গণভোটে তালিকাভুক্ত হতে হবে এবং ভোট দিতে হবে।

### আমি কোথায় ভোট দিতে পারি?

ভোটের দিনে আপনি আপনার প্রদেশে বা অঞ্চলের যে কোনও ভোট কেন্দ্রে ভোট দিতে পারেন। সকাল ৮টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত ভোট কেন্দ্র খোলা থাকবে।

ভোটদানের স্থানগুলি সাধারণত স্থানীয় স্কুল, গির্জা, কমিউনিটি হল এবং সরকারি ভবনগুলিতে অবস্থিত। আপনার নিকটতম ভোটদানের স্থান খুঁজে পেতে **aec.gov.au/where** ভিজিট করুন

যদি আপনার চলাফেরায় সীমাবদ্ধতা বা প্রতিবন্ধীত্ব থাকে, অথবা এমন কারোর যত্ন নেন যার এ ধরনের সমস্যা আছে, তাহলে আপনি **aec.gov.au/where** ওয়েবসাইটে ভোট কেন্দ্রে প্রবেশের বিবরণ দেখতে পারেন

অন্ধ এবং স্বল্পদৃষ্টিসম্পন্ন ভোটারদের জন্য ভোট দেওয়ার উপায় জানতে, **aec.gov.au/assistance** ওয়েবসাইট দেখুন বা **13 23 26** নম্বরে কল করুন।

### আমি যদি অন্য কোন প্রদেশ বা অঞ্চলে থাকি তাহলে কী হবে?

আপনি যদি ভোটের দিন আন্তঃপ্রদেশ এলাকায় থাকেন, তবে আপনি একটি মনোনীত আন্তঃপ্রদেশ ভোট কেন্দ্রে ভোট দিতে পারেন, অথবা অগ্রিম ভোট দেওয়ার উপায়গুলি বিবেচনা করতে পারেন।

### আমি যদি ভোট কেন্দ্রে যেতে না পারি?

আপনি যদি ভোটের দিনে আপনার প্রদেশের বা অঞ্চলের কোন ভোট কেন্দ্রে যেতে না পারেন, তবে আপনি ব্যক্তিগতভাবে বা ডাকযোগে ভোট দেওয়ার যোগ্য হতে পারেন।

### কীভাবে ভোট কেন্দ্রে গিয়ে অগ্রিম ভোট দেয়া যায়

আপনি যদি যোগ্য হন, তাহলে আপনি ভোটের দিনের আগেই ভোট দিতে পারেন। ভোটের দিনের দুই সপ্তাহ আগের সোমবার থেকে অগ্রিম ভোট কেন্দ্রগুলি খোলা হবে। খোলার তারিখ এবং সময় ভিন্ন হতে পারে, তাই প্রতিটি কেন্দ্রের বিশদ বিবরণ দেখতে **aec.gov.au/where** ওয়েবসাইট দেখুন।

অগ্রিম ভোটদান সম্পর্কে আরও তথ্যের জন্য এবং আপনি যোগ্য কি না, তা জানতে **aec.gov.au/early** ওয়েবসাইট দেখুন বা **13 23 26** নম্বরে কল করুন।

### কীভাবে ডাকযোগে অগ্রিম ভোট দেয়া যায়

যোগ্য ভোটারদের জন্য ডাকযোগে ভোট দেয়ার ব্যবস্থা আছে। আপনি ডাকযোগে ভোট দিতে পারবেন কি না, তা জানতে এবং অনলাইনে আবেদন করতে **aec.gov.au/pva** ওয়েবসাইটে যান, অথবা QR কোড স্ক্যান করে সেটা করুন।

আপনার যদি অনলাইনে যাবার সুযোগ না থাকে, এবং পোস্টাল ভোটের জন্য আবেদন করতে চান, তাহলে অনুগ্রহ করে **13 23 26** নম্বরে কল করুন।

পোস্টাল ভোটের জন্য আপনার আবেদনটি পূরণ করুন, যাতে এটি ভোটের দিনের আগের বুধবার সন্ধ্যা **৬টার মধ্যে অবশ্যই AEC-তে পৌঁছায়।**

# ভোট কেন্দ্রে কী কী ব্যাপার ঘটে

1. আপনি যখন ব্যালট পেপার ইস্যু করার পয়েন্টে পৌঁছাবেন, তখন একজন পোলিং অফিসার আপনার পুরো নাম ও ঠিকানা জিজ্ঞেস করবেন, এবং আপনি ইতিমধ্যেই ২০২৩ সালের গণভোটে ভোট দিয়েছেন কি না, তা জানতে চাইবেন। ভোটার তালিকা থেকে আপনার নাম কেটে ফেলতে চিহ্নিত করা হবে।
2. আপনাকে আপনার ব্যালট কাগজ দেয়া হবে।
3. ব্যালট কাগজে দেয়া নির্দেশাবলী মনোযোগ সহকারে পড়ুন।
4. আপনার ব্যালট কাগজ পূরণ করুন।
5. আপনার ব্যালট পেপার পূরণ করার পর, এটিকে ভাঁজ করে প্রদত্ত ব্যালট বাক্সে ফেলে দিন।
6. আপনি যদি AEC প্রদত্ত একটি পেন্সিল ব্যবহার করে থাকেন, তবে বের হওয়ার পথে এটিকে বাক্সে ফেলে দিয়ে আসবেন। প্রস্থানের কাছে হ্যান্ড স্যানিটাইজার রাখা থাকবে।

**মনে রাখবেন, যদি আপনার সাহায্যের প্রয়োজন হয়, সেক্ষেত্রে আপনি আপনার বিশ্বাসযোগ্য কাউকে আপনার সাথে আনতে পারেন, বা ভোটগ্রহণ কর্মকর্তাকে জিজ্ঞাসা করতে পারেন।**

AEC আমাদের ভোটার ও কর্মীদের নিরাপত্তাকে গুরুত্বসহকারে নেয়। AEC নিরবিচ্ছিন্নভাবে কোভিড-১৯ পরিস্থিতি পর্যবেক্ষণ করে এবং সংশ্লিষ্ট স্বাস্থ্য কর্তৃপক্ষের পরামর্শ অনুসরণ করে। এই নির্দেশিকায় প্রদত্ত তথ্য মুদ্রণের সময়কার পরিস্থিতিকে প্রতিফলিত করে। এর ফলে গৃহীত ব্যবস্থায় পরিবর্তন হতে পারে।

হ্যান্ড স্যানিটাইজার পাওয়া যাবে, এবং আপনাকে ফেস মাস্ক আনতে, সেটা পরতে এবং শারীরিক দূরত্ব বজায় রাখতে উৎসাহিত করা হচ্ছে। আপনি AEC প্রদত্ত একটি পরিষ্কার পেন্সিল ব্যবহার করতে পারেন, অথবা আপনি নিজের পেন্সিল বা কলম আনতে পারেন।


Authorised by the Electoral Commissioner, 10 Mort Street, Canberra

# আপনার ভোট যাতে গণনা হয় তা কিভাবে নিশ্চিত করবেন

এই গণভোটের জন্য আপনি একটি ব্যালট কাগজ পাবেন,
যেখানে অস্ট্রেলিয়ান সংবিধানে প্রস্তাবিত পরিবর্তনটি উল্লেখ করা থাকবে।

ব্যালট কাগজে:

আপনি যদি প্রস্তাবিত পরিবর্তনটি অনুমোদন করেন, তাহলে **YES** লিখুন



Commonwealth of Australia

BALLOT PAPER

State/territory

OFFICIAL USE ONLY

Referendum on proposed Constitution alteration

DIRECTIONS TO VOTER

Write “YES” or “NO” in the space provided opposite the question set out below.

A PROPOSED LAW:
There would be a description of the proposed constitutional change here.

DO YOU APPROVE THIS PROPOSED ALTERATION?

YES

WRITE “YES” OR “NO”


AEC Australian Electoral Commission

SAMPLE

ব্যালট কাগজের নমুনা

**অথবা**

আপনি যদি প্রস্তাবিত পরিবর্তনটি অনুমোদন না করেন, তাহলে **NO** লিখুন



Commonwealth of Australia

BALLOT PAPER

State/territory

OFFICIAL USE ONLY

Referendum on proposed Constitution alteration

DIRECTIONS TO VOTER

Write “YES” or “NO” in the space provided opposite the question set out below.

A PROPOSED LAW:
There would be a description of the proposed constitutional change here.

DO YOU APPROVE THIS PROPOSED ALTERATION?

NO

WRITE “YES” OR “NO”

AEC Australian Electoral Commission

SAMPLE

ব্যালট কাগজের নমুনা

আপনাকে ইংরেজিতে উত্তরটি লিখতে হবে।

ভুল করলে চিন্তা করবেন না।
আপনি আরেকটি ব্যালট কাগজ চেয়ে নিয়ে আবার শুরু করতে পারেন।

**১৮ বছর বা তার বেশি বয়সী অস্ট্রেলিয়ান নাগরিকদের জন্য ভোট দেওয়া বাধ্যতামূলক। আপনি ভোট না দিলে, আপনাকে জরিমানা বা অভিযুক্ত করা হতে পারে। একবারের বেশি ভোট দিলে, তা হবে ফৌজদারি অপরাধ।**

নির্বাচন কমিশন, ১০ মর্ট স্ট্রিট, ক্যানবেরা কর্তৃক অনুমোদিত | Authorised by the Electoral Commissioner, 10 Mort Street, Canberra